

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাঁটুরিয়া, মানিকগঞ্জ।
saturia.manikganj.gov.bd

স্মারক নং ০৫.৩০.৫৬৭০.০০০.০৩.০১২.২৩

তারিখঃ ১০.১০.২০২৩ খ্রিস্টাব্দ।


নিয়োগ বিজ্ঞপ্তি

মানিকগঞ্জ জেলার সাঁটুরিয়া উপজেলার নিম্নোক্ত ৮ টি ইউনিয়ন পরিষদের শূন্য পদসমূহের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে গ্রামপুলিশ (দফাদার/ মহল্লাদার) নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের (পুরুষ ও মহিলা) নিকট হতে নির্ধারিত ফরমে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদন ফরম এ কার্যালয়ের ওয়েব এড্রেস www.saturia.manikganj.gov.bd-এ পাওয়া যাবে।

ইউনিয়নের নাম	পদের নাম ও ওয়ার্ড নম্বর	শূন্য পদের সংখ্যা
বরাইদ	- মহল্লাদার (০৩ নং ওয়ার্ড)	০১
দিঘুলিয়া	- মহল্লাদার (০৩ নং ওয়ার্ড)	০১
বালিয়াটি	দফাদার-০১ মহল্লাদার (০১ নং ওয়ার্ড)	০২
দড়গ্রাম	- মহল্লাদার (০৭ নং ওয়ার্ড)	০১
তিন্দী	- মহল্লাদার (০২ নং ওয়ার্ড)	০১
হরগজ	- মহল্লাদার (০৮ নং ওয়ার্ড)	০১
সাঁটুরিয়া	- মহল্লাদার (০৩ নং ওয়ার্ড)	০১
ফুকুরহাটি	- মহল্লাদার (০৩ ও ০৬ নং ওয়ার্ড)	০২
মোট শূন্য পদের সংখ্যা		১০

শর্তসমূহঃ

- ০১। দফাদার পদের প্রার্থীদের কোন স্বীকৃত বোর্ড হতে অন্যান্য দ্বিতীয় বিভাগে অথবা সমমানের জিপিএ তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষা এবং মহল্লাদার পদের প্রার্থীদেরকে কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ হতে হবে।
- ০২। প্রার্থীকে জনসূত্রে বাংলাদেশী এবং সাঁটুরিয়া উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন এবং ওয়ার্ডের বাসিন্দা হতে হবে।
- ০৩। প্রার্থীর বয়স আগামী ৩০.১০.২০২৩ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ০৪। আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি, সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রসিদ ছবি, অভিজ্ঞতা (যদি থাকে) সনদের অনুলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ০৫। পুরুষ প্রার্থীর উচ্চতা কমপক্ষে ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), ওজন সর্বনিম্ন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর উচ্চতা কমপক্ষে ৫ ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) ওজন সর্বনিম্ন ৪৫ কেজি হতে হবে।
- ০৬। আবেদন পত্রের সাথে অবশ্যই জাতীয় পরিচয় পত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ ও জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ ও ১০০/- টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট দাখিল করতে হবে।
- ০৭। প্রার্থী বীর মুক্তিযোদ্ধা বা শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তান হলে সে ক্ষেত্রে তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা হিসেবে সনদ পত্রের সত্যায়িত অনুলিপি (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদানকৃত) দাখিল করতে হবে।
- ০৮। উপজাতি/আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী/এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য সনদ পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।
- ০৯। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে সংরক্ষিত সকল কোটাসমূহ যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১০। প্রার্থীকে আগামী ২৯ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যেই অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা হাতে হাতে "উপজেলা নির্বাহী অফিসার, সাঁটুরিয়া" মানিকগঞ্জ বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে।
- ১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১২। খামের উপর পদের নাম ও ইউনিয়নের নাম স্পষ্ট করে উল্লেখ করতে হবে।
- ১৩। চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরই কেবল নিয়োগ করা হবে।
- ১৪। পদের সংখ্যা কম/বেশি হতে পারে।
- ১৫। সরকার নির্ধারিত বেতন ভাতা প্রদেয় হবে।
- ১৬। প্রার্থীর বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ১৭। কোন অসত্য তথ্য প্রদান করলে বা দাখিলকৃত কোন কাগজপত্র অসঠিক প্রমাণিত হলে নিয়োগের যে কোন পর্যায়ে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ১৮। এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/পরিবর্তন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের জন্য কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নহেন।


শাজ্জা রহমান

উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
দফাদার ও মহল্লাদার বাছাই কমিটি
সাঁটুরিয়া, মানিকগঞ্জ।
ফোনঃ ০২-৯৯৬৬২৫০০১